

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী,
ঢাকা-১২১২।



নম্বর ৩৫.০৩.০০০০.০০৩.৯৯.০০১.১৯.২২০

তারিখ: ২১ চৈত্র ১৪২৭

০৪ এপ্রিল ২০২১

গণপরিবহন চলাচলে নিষেধাজ্ঞা আরোপ বিষয়ক জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: আগামী ০৫ এপ্রিল ২০২১ ভোর ৬.০০টা থেকে ১১ এপ্রিল ২০২১ রাত ১২.০০টা পর্যন্ত গণপরিবহন চলাচলে নিষেধাজ্ঞা আরোপ প্রসঙ্গে।

করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতি পর্যালোচনায় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গত ২৯ মার্চ ২০২১ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১.১২৪ নম্বর স্মারকে ১৮ দফা নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে আগামী ০৫ এপ্রিল ২০২১ ভোর ৬.০০টা থেকে ১১ এপ্রিল ২০২১ রাত ১২.০০টা পর্যন্ত মেয়াদে সড়কপথে সকল প্রকার গণপরিবহন চলাচল বন্ধ করা হলো।

২। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা, জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না। এছাড়া, বিদেশগামী/বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা কার্যকর হবে না। এছাড়াও, আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (শুলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাৱশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

৩। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৪-০৪-২০২১ খ্রিষ্টাব্দ তারিখের ৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪.১৫-৪০৭ সংখ্যক পত্রের নির্দেশনামতে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

৪-৪-২০২১

শীতাংশু শেখর বিশ্বাস
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)
ফোন: ০২-৫৫০৪০৭১৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স,, ফনিঙ্গ রোড, ফুলবাড়িয়া, ঢাকা।
- ২) অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ, ৩৪, শাহজালাল এভিনিউ, , সেক্টর-৪, উত্তরা, ঢাকা-১২৩০।
- ৩) জেলা প্রশাসক, (সকল জেলা)।

- ৪) পুলিশ সুপার,(সকল জেলা)।
- ৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৬) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) উপপ্রধান তথ্য অফিসার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)
- ৮) উপপরিচালক(ইঞ্জি:), ঢাকা-১২১৬ /চট্টগ্রাম /রাজশাহী /খুলনা /সিলেট /বরিশাল /রংপুর।
- ৯) মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, পরিবহন ভবন, ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
- ১০) চেয়ারম্যান, বাংলাদেশ বাস/ট্রাক ওনার্স এসোসিয়েশন, আহসানউল্লা ভবন, ২৫৭/ক, বাগবাড়ী দারুস সালাম, মিরপুর রোড, ঢাকা।
- ১১) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রাক-কাভার্ড ভ্যান মালিক সমিতি, তেজগাঁও, ঢাকা।
- ১২) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা।
- ১৩) সহকারী পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ..... সার্কেল,(সকল)।
- ১৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর শাখা, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৫) চেয়ারম্যানের একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)